# কর্মসূচি ও বাস্তবায়ন বিষয়ক দিকনির্দেশনা

সংশোধিত 09.29.22



NEW YORK STATE OF OPPORTUNITY | Empire State Development

NY STATE SEED FUNDING

APPLICATION PORTAL POWERED BY LENDISTRY

# কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ

**নিউ ইয়র্ক স্টেট সিড ফান্ডিং অনুদান কর্মসূচি** ("প্রোগ্রাম") স্বাভাবিকের দিকে যাত্রা করা নিউইয়র্ক স্টেটের অর্থনীতিতে সফল হওয়ার জন্য প্রাথমিক পর্যায়ের ক্ষুদ্র ব্যবসাগুলোকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে তৈরি করা হয়েছিল।

যোগ্য আবেদনকারীদের অবশ্যই নিউ ইয়র্ক স্টেটের কাছে গ্রহণযোগ্য প্রমাণ দিতে হবে যে যে যোগ্য আবেদনকারীর ব্যবসা চলমান এবং প্রোগ্রামের শর্তাবলী পূরণ করে।

আবেদনের অংশ হিসেবে প্রতিটি অতি ক্ষুদ্র-ব্যবসা (Micro-Business), ক্ষুদ্র ব্যবসা (Small Business) বা স্বতন্ত্র শিল্প কন্ট্রাক্টরসহ লাভজনক শিল্প ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে কর্মসূচির যোগ্যতা প্রদর্শনের উদ্দেশ্যে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পর্যাপ্ত নথিপত্র প্রদান করতে হবে।

প্রতি ব্যবসা EIN বা SSN-এর জন্য শুধুমাত্র একটি অনুদান অনুমোদিত।

সীমিত তহবিল এবং প্রত্যাশিত উচ্চতর সংখ্যক অনুরোধের কারণে ব্যবসার ধরন, অবস্থান এবং শিল্প অনুদান প্রাপ্তির বিবেচনায় নিয়ামক হিসেবে কাজ করতে পারে।

# সংজ্ঞাসমূহ

"**ক্ষুদ্র ব্যবসা**" বলতে এমন কোনো ব্যবসাকে বোঝায় যেটি নিউ ইয়র্ক স্টেটে অবস্থিত, স্বাধীনভাবে মালিকানাধীন ও পরিচালিত, ব্যবসাটি যেই খাতের সেই খাতে প্রভাবশালী নয়, একশ জন বা তার কম কর্মী নিয়োগ করে, 1 সেপ্টেম্বর, 2018 বা তার পরে শুরু হয়েছিল এবং আবেদন করার ন্যূনতম ছয় মাস আগে এটি চালু হয়েছিল ও যেটির বার্ষিক মোট আর্থিক প্রাপ্তি (Gross Receipt) $1,000,000-এর বেশি নয়।

"**অতি ক্ষুদ্র-ব্যবসা**" বলতে এমন কোনো ক্ষুদ্র ব্যবসাকে বোঝায় যেটি নিউ ইয়র্ক স্টেটে অবস্থিত, স্বাধীনভাবে মালিকানাধীন ও পরিচালিত, ব্যবসাটি যেই খাতের সেই খাতে প্রভাবশালী নয় এবং দশ জন বা তার কম কর্মী নিয়োগ করে।

"**লাভজনক স্বতন্ত্র শিল্প ও সাংস্কৃতিক সংগঠন**"-এর অর্থ হবে নিউইয়র্ক স্টেটে অবস্থিত ক্ষুদ্র বা মাঝারি আকারের লাভজনক, স্বাধীনভাবে পরিচালিত সরাসরি-অনুষ্ঠান পরিচালনা করার ভেন্যু, প্রোমোটার, প্রোডাকশন কোম্পানি বা স্বতন্ত্র শিল্প কন্ট্রাক্টরসহ অন্যান্য পারফরম্যান্স-সম্পর্কিত ব্যবসা যেগুলো COVID-19 স্বাস্থ্য ও সুরক্ষা সংশ্লিষ্ট প্রোটোকল দ্বারা নেতিবাচকভাবে প্রভাবিত হয়েছে এবং অস্থায়ী কর্মচারী বাদ দিয়ে যেগুলোর একশ জন বা তারও কম পূর্ণকালীন কর্মচারী রয়েছে।

"**COVID-19 স্বাস্থ্য ও সুরক্ষা প্রোটোকল**"-এর অর্থ 2020 সালের গভর্নর কর্তৃক ইস্যুকৃত নির্বাহী আদেশ 202 দ্বারা ব্যবসা পরিচালনার উপর আরোপকৃত নিষেধাজ্ঞা বা COVID-19 মহামারীর প্রতিক্রিয়ায় জারি করা কোনো সংযোজিত বা পরবর্তী কার্যনির্বাহী আদেশ, অথবা COVID-19 এর প্রতিক্রিয়ায় ব্যবসা পরিচালনার উপরে বিধিনিষেধ আরোপকারী অন্য কোনো আইন, বিধি, বা প্রবিধান।

# মনোনীত হবার যোগ্য ব্যবসার বৈশিষ্ট্য

কোনো অনুদান পাওয়ার জন্য প্রোগ্রামে (সম্মিলিতভাবে, "যোগ্য আবেদনকারী") আবেদন জমা দেয়া ক্ষুদ্র ব্যবসা, অতি ক্ষুদ্র ব্যবসা এবং স্বতন্ত্র শিল্প কন্ট্রাক্টসহ লাভজনক স্বাধীন শিল্পকলা ও সাংস্কৃতিক সংস্থার যে বৈশিষ্টগুলো অবশ্যই থাকতে হবে:

1. নিউ ইয়র্ক স্টেটে নিবন্ধিত হতে হবে বা নিউ ইয়র্ক স্টেটে ব্যবসা করার জন্য লাইসেন্সপ্রাপ্ত বা নিবন্ধিত হতে হবে এবং অবশ্যই নিউইয়র্ক স্টেটে অবস্থিত হতে হবে;

2. 1 সেপ্টেম্বর, 2018 বা তার পরে ব্যবসা শুরু করা এবং আবেদন জমা দেওয়ার আগে কমপক্ষে ছয় মাস ধরে চালু থাকা স্বাধীন শিল্প কন্ট্রাক্টরসহ বর্তমানে একটি কার্যকর অতি ক্ষুদ্র ব্যবসা, ক্ষুদ্র ব্যবসা বা লাভজনক শিল্পকলা ও সাংস্কৃতিক সংস্থা হতে হবে;

3. সাম্প্রতিকতম ফেডারেল বিজনেস ট্যাক্স রিটার্নে (লাইন 1a, IRS ফর্ম 1120 বা 1065; লাইন 1 IRS ফর্ম 1040 শিডিউল সি) প্রতি বছর মোট প্রাপ্তিতে পাঁচ হাজার ডলার ($5,000) ও এক মিলিয়ন ডলার ($1,000,000)-এর মধ্যে রয়েছে অথবা যে ব্যবসা এখনও ফেডারেল বিজনেস ট্যাক্স রিটার্ন দাখিল করেনি সেটির ব্যবসায়িক খরচ পাঁচ হাজার ডলার ($5,000) প্রদর্শন করতে সক্ষম হতে হবে;

4. প্রযোজ্য ফেডারেল, স্টেট ও স্থানীয় আইন, বিধিমালা, নীতিমালা এবং আবশ্যক বিষয়াবলীর শর্ত মেনে চলতে হবে;

5. কোনো ফেডারেল, স্টেট বা স্থানীয় কর বকেয়া বা কোনো অনুমোদিত রিপেমেন্ট, ডিফেরাল প্ল্যান বা যোগ্য ফেডারেল, স্টেট এবং স্থানীয় কর কর্তৃপক্ষের সাথে চুক্তি থাকতে পারবে না;

6. ফেডারেল পে-চেক সুরক্ষা কর্মসূচির (Paycheck Protection Program) আওতায় ঋণ মওকুফসহ ফেডারেল আমেরিকান উদ্ধার পরিকল্পনা আইন 2021 (American Rescue Plan Act) বা অন্য কোনো উপলভ্য ফেডারেল COVID-19 অর্থনৈতিক পুনরুদ্ধার বা ব্যবসা সহায়তা অনুদান কর্মসূচীর আওতায় ব্যবসা অনুদান সহায়তা কর্মসূচির জন্য নির্বাচিত হতে পারবে না অথবা এই ধরনের ফেডারাল কর্মসূচি* থেকে পর্যাপ্ত ব্যবসায়িক সহায়তা পেতে অক্ষম।*

   * যোগ্য আবেদনকারীগণ নিম্নলিখিত ফেডারাল সহায়তা পেতে পারেন:
     - পে-চেক সুরক্ষা কর্মসূচি ঋণ যার মোট পরিমাণ $250,000 বা তার কম।
     - COVID-19-এর জন্য যেকোন আকারের অর্থনৈতিক আঘাত বিপর্যয় ঋণ (EIDL)।
     - যেকোন আকারের COVID-19 EIDL অগ্রিম অনুদান।
     - যেকোনো আকারের COVID-19 EIDL লক্ষ্যমাত্রা কেন্দ্রিক অগ্রীম সম্পূরক অনুদান (EIDL Supplemental Targeted Advance Grant)
     - যেকোনো আকারের SBA বন্ধ ভেন্যুর অপারেটরদের জন্য অনুদান (Shuttered Venue Operators Grant)
     - যেকোনো আকারের রেস্তোঁরা পুনরুজ্জীবিতকরণ তহবিল অনুদান (Restaurant Revitalization Fund Grant)।

7. নিউইয়র্ক স্টেট COVID-19 মহামারীতে আক্রান্ত ক্ষুদ্র ব্যবসা পুনরুদ্ধার অনুদান কর্মসূচির অধীনে ব্যবসায়িক সহায়তার জন্য যোগ্যতা অর্জন করেনি।

# অনুদানের পরিমাণ

**যে ফার্মগুলো অপারেশনের জন্য ইতোমধ্যে ফেডারেল ট্যাক্স রিটার্ন দাখিল করেছে তাদের জন্য:** অনুদানগুলো তাদের প্রদত্ত 2020 বা 2021 ব্যবসায়িক ট্যাক্স রিটার্নে দেখানো মোট প্রাপ্তির বার্ষিক পরিমাণের উপর ভিত্তি করে গণনা করা হবে।

1. $5,000 থেকে $49,999.99 পর্যন্ত মোট প্রাপ্তির ব্যবসায়ের জন্য: অনুদান $5,000/ব্যবসা।

2. $50,000 - $99,999.99 পর্যন্ত মোট প্রাপ্তির ব্যবসায়ের জন্য: অনুদান $10,000/ব্যবসা।

3. $100,000 - $1,000,000 পর্যন্ত মোট প্রাপ্তির ব্যবসায়ের জন্য: সর্বাধিক অনুদানের পরিমাণ $25,000/ব্যবসাসহ অনুদান পুরষ্কার হল মোট প্রাপ্তির 10%।

| 2020 বা 2021 সালে মোট প্রাপ্তি | যে পরিমাণ অনুদানের জন্য যোগ্য |
|---|---|
| $5,000 - $49,999.99 | ব্যবসা প্রতি $5,000 |
| $50,000 - $99,999.99 | ব্যবসা প্রতি 10,000$ |
| $100,000 - $1,000,000 | সর্বাধিক অনুদানের পরিমাণ $25,000/ব্যবসাসহ অনুদান মোট প্রাপ্তির 10%। |

**যে ফার্মগুলো এখনও পর্যন্ত অপারেশনের জন্য ফেডারেল ট্যাক্স রিটার্ন দাখিল করেনি তাদের জন্য:**

- অনুদান $5,000/ব্যবসা।

# অযোগ্য ব্যবসাসমূহ

1. সকল অলাভজনক, গীর্জা এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান; এবং
2. সরকারি মালিকানাধীন সত্তা বা নির্বাচিত কর্মকর্তাদের অফিসসমূহ; এবং
3. মূলত রাজনৈতিক বা তদবিরমূলক কার্যক্রমে জড়িত ব্যবসা; এবং
4. বাড়িওয়ালা এবং নিষ্ক্রিয় (Passive) রিয়েল এস্টেট ব্যবসা।

# নথিপত্রের শর্তাবলী

1. https://nyseedgrant.com/wp-content/uploads/2022/09/NYS-Seed-Fund_Applicant-Certification_20220913-FINALFillable.pdf-এ আবেদনকারী শংসাপত্র ডাউনলোড করুন
2. মোট প্রাপ্তি এবং সংগঠনের তারিখের প্রমাণের জন্য:
   - অতি সম্প্রতি দাখিল করা 2020 বা 2021 সালের ফেডারেল বিজনেস ট্যাক্স রিটার্ন (যদি ব্যবসা শুরু করার পর থেকে কোনো রিটার্ন দাখিল করে থাকে)।

3. ব্যবসা সংগঠিতকরণের (এবং সংগঠনের তারিখের জন্য যদি ট্যাক্স ডকুমেন্ট উপলভ্য না থাকে - তাহলে নিম্নলিখিত নথিগুলোর মধ্যে যেকোনো একটি (1) প্রদান করুন) প্রমাণের জন্য:
   - বর্তমান ব্যবসার লাইসেন্স; বা
   - সংগঠনের নিয়মাবলী; বা
   - গৃহীত নামের সনদপত্র (DBA); বা
   - NYS অনুমোদনের সনদ; বা
   - নিবন্ধনের প্রত্যয়নপত্র; বা
   - ইন্টারনাল রেভিনিউ (IRS ফর্ম CP-575) কর্তৃক EIN নিয়োগের প্রমাণ; বা
   - NYS-এ কাজ করার অনুমোদন দেখানো NYS মিউনিসিপ্যালিটি কর্তৃক জারি করা নথি।

4. শুধুমাত্র স্বাধীন শিল্পকলা কন্ট্রাক্টরদের ক্ষেত্রে*, ব্যবসা প্রতিষ্ঠান ও অতীত কার্যক্রমের প্রমাণ নিম্নলিখিত নথিপত্র জমা দেওয়ার মাধ্যমেও পূরণ হতে পারে:
   - আবেদনের আগের ছয় মাসের পারফর্মেন্স কার্যক্রমের তালিকা; এবং
   - নিম্নলিখিত নথিপত্র মধ্যে যেকোনো একটি প্রদান করে সেই তালিকাভুক্ত পারফর্মেন্সের প্রমাণ:
     - সম্পাদিত আইনি চুক্তির অনুলিপি যা পেমেন্টের প্রমাণসহ পারফর্মেন্স বর্ণনা করে; বা
     - পারফর্মেন্সের পেমেন্টের একটি 1099 এবং শিল্পকলা কন্ট্রাক্টরের নাম উল্লেখ করে ও পারফর্মেন্সের পেমেন্টের তথ্য প্রদান করেঅংশগ্রহণের বর্ণনা থাকা কোনো তৃতীয়-পক্ষের হলফনামা; এবং
   - কন্ট্রাক্টর যে একজন স্বাধীন শিল্পকলা কন্ট্রাক্টর হিসেবে কাজ করছে তা যাচাই করার জন্য অন্যান্য নথিপত্র যা ESD ও অনুদান প্রশাসক চাইতে পারেন।

*এই নির্দেশিকাতে স্বাধীন শিল্পকলা কন্ট্রাক্টরের জন্য প্রযোজ্য উল্লিখিত অন্যান্য সকল শর্তাবলী।

# নথিপত্রের শর্তাবলী

5. NYS-এ ব্যবসার অবস্থানের প্রমাণ - নিম্নলিখিত নথিগুলোর মধ্যে যেকোনো একটি (1):
   - বর্তমান ইজারা; বা
   - বর্তমান ইউটিলিটি বিল; বা
   - ব্যবসায়ের বর্তমান মর্টগেজ স্টেটমেন্ট; বা
   - ব্যবসায়ের ক্রেডিট কার্ডের স্টেটমেন্ট; বা
   - পেশাদার বীমা ঘোষণার পৃষ্ঠা; বা
   - পেমেন্ট প্রসেসিং স্টেটমেন্ট; বা
   - NYS ST-809 বা ST-100 বিক্রয় কর সংগ্রহের কাগজপত্র

6. মালিকানার তফসিল (Schedule of ownership): ব্যবসায়ের 20%-এর বেশি অংশের মালিকানাধীন যেকোনো মালিকের নাম, ঠিকানা, সামাজিক সুরক্ষা নম্বর, ITIN নম্বর, ফোন নম্বর, ইমেইল, শতাংশ মালিকানা এবং ফটো আইডির তালিকা:

7. গত তিন মাসের ব্যবসায়িক ব্যাংক অ্যাকাউন্টের ব্যাংক স্টেটমেন্ট যা বর্তমান কার্যকলাপ (যে ব্যবসাগুলো এখনও ট্যাক্স রিটার্ন দাখিল করেনি সেগুলোর প্রয়োজনীয় ব্যয়ের প্রমাণ দেখানোর জন্য যথেষ্ট আর্থিক প্রবাহ রয়েছে তা স্টেটমেন্টগুলোতে প্রতিফলিত করতে হবে) দেখায়।

8. তহবিল বিতরণের জন্য: W-9 এবং ব্যবসায়িক ব্যাংক অ্যাকাউন্টের তথ্য। তহবিল বিতরণের জন্য প্রয়োজনীয় ব্যবসায়িক ব্যাংক অ্যাকাউন্ট।

9. অনুদান প্রক্রিয়াকরণ এজেন্ট কর্তৃক নির্ধারিত ব্যয়ের প্রমাণ সম্পর্কিত অতিরিক্ত নথিপত্র চাওয়া হতে পারে।

# মনোনীত হবার যোগ্য খরচ

1 সেপ্টেম্বর, 2018 এবং 1 জানুয়ারী, 2022-এর মধ্যে নিম্নলিখিত খরচগুলো প্রোগ্রামের জন্য যোগ্য বলে বিবেচিত হবে। এগুলোর মধ্যে রয়েছে:

1. পেরোল ব্যয়; বা
2. NYS ভিত্তিক সম্পত্তির জন্য বাণিজ্যিক ভাড়া বা বন্ধকী অর্থ প্রদান; বা
3. NYS-এর কোনো ক্ষুদ্র ব্যবসার সাথে সম্পর্কিত স্থানীয় সম্পত্তি বা স্কুল করের পেমেন্ট; বা
4. বিমা ব্যয়; বা
5. ইউটিলিটি বিল; বা
6. কর্মী এবং ভোক্তা স্বাস্থ্য ও সুরক্ষা নিশ্চিতের জন্য প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামের ব্যয় (পিপিই); বা
7. গরম করার ব্যবস্থা, ভেন্টিলেশন এবং এয়ার কন্ডিশনার (HVAC) খরচ; বা
8. অন্যান্য যন্ত্রপাতি বা সরঞ্জামের ব্যয়; বা
9. COVID-19 স্বাস্থ্য ও সুরক্ষা সংশ্লিষ্ট প্রোটোকল পরিপালনের জন্য প্রয়োজনীয় সরবরাহ ও উপকরণ; অথবা
10. ESD কর্তৃক অনুমোদিত অন্যান্য নথিভুক্ত COVID-19 সংশ্লিষ্ট খরচ।

# তহবিলের অনুপযুক্ত ব্যবহার

প্রোগ্রামের অধীনে প্রদত্ত অনুদান ব্যবসায়িক সহায়তার জন্য করোনাভাইরাস ত্রাণ প্যাকেজ বা নিউইয়র্ক স্টেটের কোনো ব্যবসা সহায়তা কর্মসূচির মাধ্যমে প্রাপ্ত ঋণের কোনো অংশ পুনরায় প্রদান বা পরিশোধ করতে ব্যবহৃত হতে পারবে না।



# আবেদন করার জন্য পরামর্শ

NEW YORK STATE OF OPPORTUNITY | Empire State Development

NY STATE SEED FUNDING

APPLICATION PORTAL POWERED BY LENDISTRY

# পরামর্শ #1: একটি বৈধ ইমেইল ঠিকানা ব্যবহার করুন

**অনুগ্রহ করে নিশ্চিত করুন যে, আপনি আবেদনে একটি কার্যকর ইমেইল ঠিকানা ব্যবহার করছেন এবং তার বানান সঠিক আছে।**

- আপনার আবেদনের আপডেট ও অতিরিক্ত নির্দেশনা আপনার প্রদত্ত ইমেইল ঠিকানায় পাঠানো হবে। নির্দিষ্ট কিছু ইমেইল ঠিকানা Lendistry সিস্টেমে চিনতে পারে না এবং আপনার আবেদন সংক্রান্ত যোগাযোগে বিলম্ব ঘটাতে পারে।

**আপনি যদি আপনার আবেদনে কোনো ভুল বা অকার্যকর ইমেইল ঠিকানা ব্যবহার করেন, তাহলে আপনার তথ্য আপডেট করতে অনুগ্রহ করে (888) 585-0312 নম্বরে আমাদের কল সেন্টারে, সোমবার থেকে শুক্রবার (8:00 a.m.–5:00 p.m.) যোগাযোগ করুন।**

নতুন কোনো আবেদন জমা দিবেন না। একাধিক আবেদন জমা দেওয়া সম্ভাব্য প্রতারণা হিসেবে শনাক্ত করা হবে এবং তা আপনার আবেদন পর্যালোচনা প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করবে।

## ইমেইল ঠিকানা কার্যকর নয়

নিম্নলিখিত ইমেইল ঠিকানাগুলো আমাদের সিস্টেমে গৃহীত বা স্বীকৃত হবে না:

ইমেইল যেগুলো *শুরু হয়েছে* **info@** দিয়ে
যেমন: info@mycompany.com

ইমেইল যেগুলো *শেষ হয়েছে* **@contact.com** বা **@noreply.com** দিয়ে
যেমন: mycompany@contact.com
যেমন: mycompany@noreply.com

# পরামর্শ #2: আপনার নথি PDF ফরম্যাটে প্রস্তুত করুন

**প্রয়োজনীয় সকল নথিপত্র অবশ্যই পোর্টালে <u>শুধুমাত্র PDF ফরম্যাটে আপলোড করতে হবে</u>**। পোর্টালে আপলোড করার সময়, নথিপত্রগুলো অবশ্যই স্পষ্ট, সোজা থাকতে হবে এবং বিঘ্ন সৃষ্টিকারী কোনো ব্যাকগ্রাউন্ড থাকতে পারবে না।

নথিপত্র আপলোড করার জন্য গুরুত্বপূর্ণ বিষয়াবলী:

1. সকল নথি অবশ্যই PDF ফরম্যাটে জমা দিতে হবে (সরকার কর্তৃক ইস্যুকৃত আইডি PDF বা JPEG ফরম্যাটে জমা দেওয়া যেতে পারে)।
2. ফাইলের আকার অবশ্যই 15 মেগাবাইটের কম হতে হবে।
3. ফাইলের নামে কোনো বিশেষ চিহ্ন থাকতে পারবে না (!@#$%^&*()_+)।
4. যদি আপনার ফাইল পাসওয়ার্ড দিয়ে সুরক্ষিত থাকে, তবে এতে প্রবেশ করার জন্য আপনার সাহায্যের প্রয়োজন হবে।

**স্ক্যানার নেই?** !

আমরা একটি ফ্রি মোবাইল স্ক্যানিং অ্যাপ ডাউনলোড করে ব্যবহার করার পরামর্শ দিচ্ছি।

**Genius Scan**

Apple | ডাউনলোড করতে এখানে ক্লিক করুন

Android | ডাউনলোড করতে এখানে ক্লিক করুন

**Adobe Scan**

Apple | ডাউনলোড করতে এখানে ক্লিক করুন


Android | ডাউনলোড করতে এখানে ক্লিক করুন

## নমুনা: সঠিক আপলোড





নথি স্পষ্ট এবং সোজা আছে।

## নমুনা: ভুল আপলোড




1




2

1. নথিগুলো সোজা নয়।
2. নথি একটি উইন্ডোর সামনে আছে (ব্যাকগ্রাউন্ড স্পষ্ট নয়) এবং ছবিতে একটি হাত দেখা যাচ্ছে।

# পরামর্শ #3: Google Chrome ব্যবহার করুন

ব্যবহারের সেরা অভিজ্ঞতার জন্য অনুগ্রহ করে পুরো আবেদন প্রক্রিয়ায় Google Chrome ব্যবহার করুন।

অন্যান্য ওয়েব ব্রাউজারগুলো আমাদের ইন্টারফেস সাপোর্ট নাও করতে পারে এবং আপনার আবেদনে ত্রুটি সৃষ্টি করতে পারে।

আপনার ডিভাইসে Google Chrome না থাকলে এটিকে আপনি বিনামূল্যে https://www.google.com/chrome/ থেকে ডাউনলোড করতে পারেন।

আবেদন শুরুর পূর্বে অনুগ্রহ করে Google Chrome নিম্নলিখিত কাজগুলো করুন:

1. **ক্যাশ পরিষ্কার করুন**
2. **Incognito মোড ব্যবহার করুন**
3. **পপ-আপ ব্লকার নিষ্ক্রিয় করুন**

## ক্যাশ পরিষ্কার করুন

ক্যাশকৃত ডেটা হল এমন তথ্য যা পূর্বে ব্যবহৃত ওয়েবসাইট বা অ্যাপ্লিকেশন থেকে সংরক্ষিত হয়েছিল এবং প্রাথমিকভাবে আপনার তথ্যটি স্বয়ক্রিয়ভাবে-একত্রিত করে ব্রাউজিং প্রক্রিয়াটি দ্রুততর করার জন্য ব্যবহৃত হয়। তবে ক্যাশকৃত ডেটার মধ্যে তথ্য হিসেবে পূর্বে আপনার ভুলভাবে প্রবেশ করানো পুরানো পাসওয়ার্ড বা তথ্যের মত পুরানো তথ্য থাকতে পারে। এটি আপনার আবেদনে ত্রুটি তৈরি করতে পারে এবং এর ফলে এটি সম্ভাব্য জালিয়াতির জন্য ফ্ল্যাগড হতে পারে।

## Incognito মোড ব্যবহার করুন

Incognito মোড আপনাকে ব্যক্তিগতভাবে তথ্য প্রবেশ করানোর সুযোগ দেয় এবং আপনার ডেটা মনে রাখা বা ক্যাশ হওয়ায় বাধা দেয়।


## পপ-আপ ব্লকার নিষ্ক্রিয় করুন

আমাদের অ্যাপ্লিকেশনে একাধিক পপ-আপ বার্তা থাকে যেগুলো আপনার দেয়া তথ্যের নির্ভুলতা নিশ্চিত করার জন্য ব্যবহৃত হয়। এই মেসেজগুলো দেখতে আপনাকে অবশ্যই Google Chrome-এ পপ-আপ ব্লকার নিষ্ক্রিয় করতে হবে।

# কিভাবে ক্যাশ পরিষ্কার করতে হয়


## ধাপ 1

একটি নতুন গুগল ক্রোম উইন্ডো খুলুন, উপরের ডানদিকের কোণার তিনটি বিন্দুতে ক্লিক করুন, এবং তারপর “**Settings**”-এ যান।





## ধাপ 2

“**Privacy and Security**”-তে গিয়ে “**Clear Browsing Data**” নির্বাচন করুন।




## ধাপ 3


“**Clear Data.**” নির্বাচন করুন



# Incognito Mode কিভাবে ব্যবহার করতে হয়


## ধাপ 1

আপনার ওয়েব ব্রাউজারের উপরের ডানদিকের কোণার তিনটি বিন্দুতে ক্লিক করে “New incognito window” নির্বাচন করুন।




## ধাপ 2


আপনার ব্রাউজার একটি নতুন গুগল ক্রোম উইন্ডো খুলবে। পুরো আবেদন প্রক্রিয়ায় Incognito Mode ব্যবহার করুন।



# কিভাবে পপ-আপ ব্লকার নিষ্ক্রিয় করতে হয়


## ধাপ 1

একটি নতুন গুগল ক্রোম উইন্ডো খুলুন, উপরের ডানদিকের কোণার তিনটি বিন্দুতে ক্লিক করুন, এবং তারপর "Settings"-এ যান।





## ধাপ 2


"Privacy and Security"-এ গিয়ে "Site Settings" নির্বাচন করুন।




## ধাপ 3

"Pop-up and Redirects" নির্বাচন করুন। বাটনটিতে চাপ দিন যাতে এটি নীল হয় এবং এটির স্ট্যাটাস "Blocked" থেকে "Allowed"-এ পরিবর্তিত হয়।





# আবেদন প্রক্রিয়া

NEW YORK STATE OF OPPORTUNITY | Empire State Development

**NY STATE SEED FUNDING**

APPLICATION PORTAL POWERED BY LENDISTRY


# কোথায় আবেদন করতে হবে

অনুদানের জন্য আবেদন করতে অনুগ্রহ করে প্রোগ্রামের ওয়েবসাইট https://nyseedgrant.com/-এ ভিজিট করুন।

1. নতুন একটি আবেদন শুরু করতে মেন্যু থেকে “**Apply**” নির্বাচন করুন। আপনাকে Lendistry-এর আবেদন পোর্টালে পুনঃনির্দেশিত করা হবে (রেফারেন্সের জন্য পৃষ্ঠা 22 দেখুন)।
2. “**Lendistry’s Portal**-এ ক্লিক করার মাধ্যমে আপনি যেকোনো সময় আপনার আবেদন অ্যাক্সেস ও পরিচালনা করতে পারবেন।”

NYS সিড গ্র্যান্ড প্রোগ্রাম ওয়েবসাইটে আপনাকে সম্পূর্ণ আবেদন প্রক্রিয়ায় গাইড করতে সাহায্য করার জন্য বিভিন্ন রিসোর্স রয়েছে। রিসোর্সের মধ্যে যা যা রয়েছে:

- কর্মসূচির নির্দেশাবলী
- কর্মসূচি ও বাস্তবায়ন বিষয়ক দিকনির্দেশনা
- আবেদনের সনদপত্র ডাউনলোড করুন
- কল সেন্টারের নম্বর ও সময়সূচী
- অন ডিমান্ড ভিডিও
- এফএকিউ



# একটি পোর্টাল অ্যাকাউন্ট তৈরি করুন

আপনি কোনো নতুন অ্যাপ্লিকেশন শুরু করার আগে আপনাকে Lendistry's পোর্টালের জন্য একটি অ্যাকাউন্ট তৈরি করতে হবে।

**কিভাবে একটি Lendistry পোর্টাল অ্যাকাউন্ট তৈরি করবেন**

## ধাপ 1


অ্যাকাউন্ট তৈরি করতে "**Apply Now**"-এ ক্লিক করুন।

## ধাপ 2


আপনার ইমেইল ঠিকানা এবং ফোন নম্বর নিবন্ধন করুন। **আপনি এখানে যে ইমেইল ও পাসওয়ার্ডটি নিবন্ধন করবেন তা হবে পোর্টালের জন্য আপনার লগিন ক্রেডেনশিয়াল**, তাই এগুলো লিখে রাখা গুরুত্বপূর্ণ। **এই সেকশনে আপনাকে একটি আসল ও কার্যকর মোবাইল নম্বরও লিখতে হবে**।

## ধাপ 3

SMS/টেক্সটের মাধ্যমে আপনাকে একটি **নিশ্চিতকরণ কোড** পাঠানো হবে যা আপনার অ্যাকাউন্ট নিবন্ধন সম্পন্ন করার জন্য প্রয়োজন হবে। আপনার গোপনীয়তা ও আপনি যে তথ্য প্রদান করেছেন তা রক্ষা করতে, প্রতিবার পোর্টালে লগ ইন করার সময়ও আপনার একটি নিশ্চিতকরণ কোডের প্রয়োজন হবে। ডেটা ও মেসেজের খরচ প্রযোজ্য হতে পারে।





2




আপনার ইমেইল ঠিকানা ও ফোন নম্বর নিবন্ধন করুন।

3





নিশ্চিতকরণ কোড লিখুন।

# সেকশন 1: মালিকের তথ্য

## আপনার ব্যবসার মালিকের তথ্য নিয়ে আলোচনা করা যাক

- আইনি নামের প্রথমাংশ
- আইনি নামের শেষাংশ
- জন্ম তারিখ
- ইমেইল
- আবাসিক ঠিকানা লাইন 1
- আবাসিক ঠিকানা লাইন 2
- বসবাসের শহর
- বসবাসের স্টেট
- বসবাসের জিপ কোড
- সামাজিক নিরাপত্তা (SSN) বা স্বতন্ত্র করদাতা শনাক্তকরণ নম্বর (ITIN)[1]
- মালিকানার শতকরা হার
- পছন্দের ফোন নম্বর
- স্বয়ংক্রিয়-ডায়ালকৃত কল বা টেক্সট বার্তার সম্মতি[2]





[1]আবেদনকারী OFAC তালিকায় নেই তা নিশ্চিত করতে হবে।
[2]পর্যালোচনা প্রক্রিয়া চলাকালীন SMS/টেক্সটের মাধ্যমে আপনার আবেদন সম্পর্কিত আপডেট পেতে চাইলে বক্সটিতে টিক দিন।

# সেকশন 2: ব্যবসায়ের তথ্য 1

## আপনার কোম্পানি সম্পর্কে আমাদেরকে জানান


- আইনগত ব্যবসায়িক নাম
- ব্যবসার গৃহিত নাম (DBA) প্রযোজ্য হলে
- নিয়োগকর্তার শনাক্তকরণ নম্বর (Employer Identification Number, EIN)
  - হ্যাঁ হলে আপনার EIN লিখুন
- ব্যবসাপ্রতিষ্ঠানের ঠিকানা লাইন 1
- ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা লাইন 2
- ব্যবসাপ্রতিষ্ঠানের শহর
- ব্যবসাপ্রতিষ্ঠানের স্টেট
- ব্যবসাপ্রতিষ্ঠানের জিপ কোড
- ব্যবসাপ্রতিষ্ঠানের ফোন নম্বর
- আপনার ব্যবসা কি লাভজনক না অলাভজনক?
- ব্যবসা প্রতিষ্ঠানের ধরণ
- গঠনের অবস্থা (State of Formation)
- ব্যবসা প্রতিষ্ঠা করার তারিখ
- ব্যবসাপ্রতিষ্ঠানের ওয়েবসাইটের URL (প্রযোজ্য হলে)



# সেকশন 3: ব্যবসায়ের তথ্য 2

## আমরা কিভাবে আপনাকে সহায়তা করতে পারি?

- অনুদানের প্রধান ব্যবহার
- অনুরোধকৃত পরিমাণ
- কর্মপরিচালনা শুরুর পর আপনি কি কোনো ব্যবসায়িক ট্যাক্স রিটার্ন দাখিল করেছেন?




# সেকশন 4: ব্যবসায়ের জনতত্ত্ব

## আপনার কোম্পানি সম্পর্কে আমাদেরকে জানান

- পছন্দসই ভাষা
- আপনার গ্রাহকদের ধরণ কী?
- NAICS কোড
- নারী-মালিকানাধীন
- প্রবীণ ব্যক্তির-মালিকানাধীন
- প্রতিবন্ধী ব্যক্তির-মালিকানাধীন
- আবেদনকারীর জাতি[1]
- আবেদনকারীর নৃতাত্ত্বিক পরিচয়[1]
- ফ্রাঞ্চাইজি
- গ্রামীণ
- আবেদনকারীর পছন্দনীয় নাম


[1]আপনার উত্তর আপনার আবেদন পর্যালোচনা প্রক্রিয়াকে প্রভাবিত করবে না।



# সেকশন 5: প্রকাশ করা সম্পর্কিত প্রশ্ন ও উত্তর

## আপনার যোগ্যতা নির্ধারণে সাহায্য করার জন্য আরও কিছু প্রশ্ন

- আবেদন করার দিন পর্যন্ত আপনার ব্যবসা কি খোলা ও চালু রয়েছে?
- আপনি কি প্রযোজ্য ফেডারেল, স্টেট ও স্থানীয় আইন, বিধিমালা, নীতিমালা এবং আবশ্যক বিষয়াবলীর শর্ত মেনে চলেন?
- আপনি একটি নিজেকে একজন স্বাধীন শিল্পকলা কন্টাক্টর হিসেবে পরিচয় দেন?
- আপনি কি New York State COVID-19 Pandemic Small Business Recovery Grant পেয়েছিলেন?
- আপনি কি পেচেক সুরক্ষা কর্মসূচি ঋণের প্রাপক ছিলেন যার পরিমাণ $250,000-এর বেশি?
- 9/1/2018 এবং 1/1/2022 এর মধ্যে আপনার ব্যবসায় কি অন্তত $5,000 ব্যবসা-সম্পর্কিত খরচ হয়েছে?




# সেকশন 6: পরিচয় যাচাই করুন

এই সেকশনে আপনাকে সরকার কর্তৃক জারি করা বৈধ আইডির একটি ছবি আপলোড করে Persona ব্যবহার করে আপনার আপনার পরিচয় যাচাই করতে হবে। আপনাকে সামনের দিকের ক্যামেরা থাকা কোনো ডিভাইস ব্যবহার করে সেলফিও তুলতে হবে।

## Persona কী?

Persona হল একটি তৃতীয় পক্ষের প্ল্যাটফর্ম যা Lendistry তার জালিয়াতি প্রতিরোধ ও প্রশমন প্রক্রিয়ার জন্য ব্যবহার করে। স্বয়ংক্রিয়ভাবে কোনো ব্যক্তির সেলফিকে 3-পয়েন্ট কম্পোজিট ও বায়োমেট্রিক লাইভনেস চেক-এর মাধ্যমে তাদের আইডি পোর্ট্রেটের সাথে তুলনা করে Persona প্ল্যাটফর্ম Lendistry-কে কোনো ব্যক্তির পরিচয় যাচাই করতে ও পরিচয় স্ফফিং থেকে রক্ষা করতে সক্ষম করে।




# সেকশন 7: ব্যাংকের তথ্য


## আপনার ব্যাংকিং-এর তথ্য প্রয়োজন কেনো?

মার্কিন যুক্তরাষ্ট্রে যেকোনো ব্যাংক বা ক্রেডিট ইউনিয়নের অ্যাকাউন্টকে Lendistry's Portal-এর মত একটি অ্যাপে সংযুক্তকরণের মাধ্যমে ACH স্থানান্তর সেট আপ করতে Lendistry তৃতীয় পক্ষের প্রযুক্তি (Plaid) ব্যবহার করে। তৃতীয় পক্ষটি আপনার অনুমতি ব্যতীত আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করে না এবং বাইরের কোম্পানির কাছে বিক্রয় বা ভাড়া দেয় না। Lendistry শুধু আপনার ব্যাংক স্টেটমেন্ট যাচাই করতে এই প্রযুক্তি ব্যবহার করে।

ব্যাংক যাচাইকরণের এই পদ্ধতিটিকে প্রাধান্য দেওয়া হয় তবে প্রোভাইডারের মাধ্যমে যদি আপনার ব্যাংকিং প্রতিষ্ঠানকে পাওয়া না যায় তাহলে সর্বদা কাজ করবে না। এই ক্ষেত্রে, আপনি 866-759-5320 নম্বরে Lendistry-এর সাথে যোগাযোগ করে আপনার ব্যাংক অ্যাকাউন্ট যাচাই করতে পারেন।





1





Plaid-এ এগিয়ে যান।

2





আপনার ব্যাংকিং প্রতিষ্ঠানের অবস্থান চিহ্নিত করুন।

3




আপনার অনলাইন ব্যাংকিং অ্যাকাউন্টে সাইন ইন করুন।

4




অনুমতি নিশ্চিত করুন।


# সেকশন 4: নথিপত্র আপলোড করুন

## ধাপ 1


আপনার ডিভাইসের ডকুমেন্ট ফাইলটি শনাক্ত করতে আপলোড আইকনটি নির্বাচন করুন।

## ধাপ 2

ফাইলটিতে পাসওয়ার্ড থাকলে, ড্রপডাউন মেন্যু “**Password Protected?**” থেকে YES নির্বাচন করুন এবং ফাইলটির পাসওয়ার্ড লিখুন। ফাইলে পাসওয়ার্ড না থাকলে, NO নির্বাচন করুন।




ফাইলে পাসওয়ার্ড থাকলে **YES** নির্বাচন করুন।





ফাইলে পাসওয়ার্ড না থাকলে **NO** নির্বাচন করুন।

## ধাপ 3

স্ট্যাটাস "অনুরোধ করা হয়েছে" ⚠ থেকে "জমা করা হয়েছে" ⏳ -তে পরিবর্তন হবার কথা।

## ধাপ 4

সবগুলো নথি আপলোড না হওয়া পর্যন্ত উপরের ধাপগুলোর পুনরাবৃত্তি করুন।




# সেকশন 9: আবেদন জমা-পূর্ব পর্যালোচনা

আপনার আবেদন জমা দেওয়ার আগে আপনি আপনার প্রতিক্রিয়া পর্যালোচনা করতে পারবেন। জমা দেওয়ার জন্য আপনাকে অবশ্যই আবেদনটির **সবগুলো সেকশন** সম্পন্ন করতে হবে। এর মধ্যে রয়েছে:

- আবেদনপত্রের সবগুলো ঘর পূরণ করা;
- প্রয়োজনীয় সকল নথি আপলোড করা;
- আপনার ব্যাংক অ্যাকাউন্ট যাচাই করা; এবং
- আপনার পরিচয় যাচাই করা।

## আপনার আবেদন পর্যালোচনা

1. আপনি যদি আপনার আবেদন সম্পাদনা করতে চান তাহলে "**আমার কিছু সম্পাদনা আছে**"-তে ক্লিক করে ত্রুটি ঠিক করুন।
2. শর্তাবলী পড়ুন এবং সম্মতি জানাতে বাক্সে টিক চিহ্ন দিন।
3. আপনি যদি পরে আপনার আবেদন পর্যালোচনা করে জমা দিতে চান, তাহলে **"সংরক্ষণ করুন এবং পরে ফিরে আসুন"**-এ ক্লিক করুন। আপনার আবেদন পরিচালনা করতে আপনি যেকোনো সময় পোর্টালে সাইন ইন করতে পারেন। পোর্টালে আপনি আপনার আবেদন শেষ করতে ও সম্পন্ন করতে, নথি আপলোড করতে, আপনার ব্যাংকের তথ্য সংযুক্ত করতে এবং স্ট্যাটাসের আপডেট দেখতে পারবেন।
4. আপনি আপনার আবেদন পর্যালোচনা করার পরে এবং আপনার দেওয়া সকল তথ্য সঠিক তা নিশ্চিত করার পরে, আপনার আবেদন জমা দিতে "**জমা দিন**"-এ ক্লিক করুন। <u>একবার জমা দেয়া হলে গেলে আপনি আপনার আবেদন আর সম্পাদনা করতে পারবেন না</u>।




# আবেদনে জমা দেয়া

আপনার আবেদনের প্রাপ্তি নিশ্চিত করতে আপনি Lendistry থেকে noreply@lendistry.com ইমেইল ঠিকানার মাধ্যমে একটি নিশ্চিতকরণ ইমেইল পাবেন। আপনি যদি আপনার আবেদন জমা দেওয়ার পরে কোনো নিশ্চিতকরণ ইমেইল না পান, তাহলে অনুগ্রহ করে noreply@lendistry.com থেকে আসা ইমেইলের জন্য আপনার স্প্যাম ফোল্ডারটি পরীক্ষা করুন এবং আপনার ইমেইল অ্যাকাউন্টের নিরাপদ প্রেরক তালিকায় ইমেইল ঠিকানাটি যোগ করুন।

আরও তথ্য বা নথির প্রয়োজন হলে আপনার জমা দেওয়া তথ্য যাচাই করতে Lendistry আপনার সাথে ইমেইল, ফোন এবং/অথবা টেক্সটের (যদি অনুমোদিত হয়) মাধ্যমে যোগাযোগ করতে পারে। পর্যালোচনা প্রক্রিয়ায় আপনার আবেদন রাখার জন্য আপনাকে অবশ্যই সকল অনুরোধের জবাব দিতে হবে।

পরামর্শ: আপনার সার্চ বারে “Lendistry” লিখুন।





# প্রক্রিয়া পর্যালোচনা

NEW YORK STATE OF OPPORTUNITY | Empire State Development

NY STATE SEED FUNDING

APPLICATION PORTAL POWERED BY LENDISTRY

# প্রক্রিয়া পর্যালোচনা

### Lendistry কর্তৃক আমার আবেদন পর্যালোচনা করার জন্য কী প্রয়োজন?

আপনার আবেদনটি Lendistry কর্তৃক পর্যালোচনা করার জন্য নিম্নলিখিত আইটেমগুলো অবশ্যই Lendistry-এর পোর্টালে সম্পন্ন করতে হবে:

1. আবেদনপত্রের সবগুলো ঘর পূরণ করা;
2. প্রয়োজনীয় সকল নথি আপলোড করুন;
3. Plaid-এর মাধ্যমে আপনার ব্যাংক অ্যাকাউন্ট যাচাই করা; এবং
4. Persona-এর মাধ্যমে আপনার পরিচয় যাচাই করা।

### আপনাকে কোনো অনুদান প্রদান করা হলে আপনি কিভাবে জানবেন?

এই প্রোগামের আবেদন প্রক্রিয়ার শুদ্ধতা পরীক্ষার একাধিক ধাপ রয়েছে। অনুদানের জন্য বিবেচিত হতে হলে আপনাকে প্রথমে প্রোগ্রামের ন্যূনতম যোগ্যতার শর্তাবলী পূরণ করতে হবে। গুরুত্বপূর্ণ টীকা: ন্যূনতম যোগ্যতার শর্তাবলী পূরণ করা কোনো অনুদান প্রাপ্তির নিশ্চয়তা দেয় না।

একবার আপনি এই প্রোগ্রামের ন্যূনতম যোগ্যতার মানদণ্ড পূরণ করার জন্য প্রমাণিত হয়ে গেলে, আপনি তহবিলের জন্য অনুমোদিত বা প্রত্যাখ্যাত হয়েছেন কিনা তা নির্ধারণ করতে আপনার আবেদনটি চূড়ান্ত পরীক্ষার মধ্য দিয়ে যাবে। এই বৈধতা প্রক্রিয়ার অংশ হিসেবে আপনাকে টেলিফোনে সরাসরি কিছু তথ্য নিশ্চিত করতে হবে। এই প্রক্রিয়াটি সম্পন্ন করার জন্য Lendistry-এর দলের একজন সদস্য সরাসরি আপনার সাথে যোগাযোগ করবেন।

আপনার আবেদন সম্পূর্ণরূপে পরীক্ষা করা হয়ে গেলে, আপনি অনুদান তহবিলের জন্য অনুমোদিত বা প্রত্যাখ্যাত হলে আপনাকে অবহিত করার জন্য Lendistry থেকে একটি ইমেইল পাবেন।

### আমি কিভাবে আমার আবেদনের স্ট্যাটাস পরীক্ষা করতে পারি?

আপনার নিবন্ধিত ইউজার নেইম, পাসওয়ার্ড ও মোবাইল নম্বর ব্যবহার করে Lendistry-এর পোর্টালে সাইন ইন করে যেকোনো সময় আপনার আবেদনের স্ট্যাটাস পরীক্ষা করতে পারবেন। সাইন ইন করলে স্ট্যাটাসটি ড্যাশবোর্ডে প্রদর্শিত হবে।

**Lendistry-এর পোর্টাল সাইন ইন করুন এখানে:**
https://nyseedgrant.mylendistry.com/landing

### আমার ডকুমেন্ট ও ব্যাংকের তথ্য সম্পূর্ণরূপে যাচাই করা হয়েছে এবং আমি তহবিলের জন্য অনুমোদিত হয়েছি। তহবিল আমি কখন পাবো?

আপনার আবেদন সম্পূর্ণরূপে যাচাই ও অনুদান তহবিলের জন্য অনুমোদিত হয়ে গেলে, আপনার অনুদান প্রাপকের চুক্তি ও W-9 ফর্ম আপনার কাছে Lendistry-এর পোর্টালে একটি **DocuSign** ডকুমেন্ট হিসেবে উপলভ্য হবে। উভয় ডকুমেন্টে ইনিশিয়াল, স্বাক্ষর ও তারিখ দিতে অনুগ্রহ করে সাইন ইন করে DocuSign-এর নির্দেশাবলী অনুসরণ করুন।

**Lendistry-এর পোর্টালে সাইন ইন করুন এখানে:**
https://nyseedgrant.mylendistry.com/landing

**গুরুত্বপূর্ণ টীকা: আপনার অনুদান প্রাপকের চুক্তি সম্পূর্ণরূপে কার্যকর না হওয়া পর্যন্ত আপনার তহবিল ছাড় করা হবে না।**

# কল সেন্টার

# (888) 585-0312

সোমবার - শুক্রবার
8:00 a.m.-5:00 p.m. পূর্ব সময়

প্রস্তুত লিঙ্কসমূহ:
প্রোগ্রামের সংক্ষিপ্ত বিবরণ
সংজ্ঞাসমূহ
উপযুক্ততার শর্তাবলী
অনুদান প্রদান
প্রয়োজনীয় কাগজপত্র
আবেদন করার জন্য পরামর্শ
আবেদন প্রক্রিয়া
প্রক্রিয়া পর্যালোচনা

NEW YORK STATE OF OPPORTUNITY | Empire State Development

**NY STATE SEED FUNDING**

APPLICATION PORTAL POWERED BY LENDISTRY

